

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৭. ইলমের ভিত্তিতে আমল করা এবং এতে নিয়ত সহীহ রাখা

### بَابُ الْعَمَلِ بِالْعِلْمِ وَحُسْنِ النِّيَّةِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ خَالِدِ بْنِ حَازِمٍ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مَزِيدٍ، قَالَ: سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ يَزِيدَ بْنَ جَابِرٍ، يُحَدِّثُ: عَنْ سَعْدٍ أَنَّهُ أَتَى ابْنَ مُنَبِّهٍ فَسَأَلَهُ عَنِ الْحَسَنِ وَقَالَ لَهُ: كَيْفَ عَقْلُهُ؟ فَأَخْبَرَهُ، ثُمَّ قَالَ: «إِنَّا لَنَتَحَدَّثُ - أَوْ نَجِدُ فِي الْكُتُبِ - أَنَّهُ مَا أَتَى اللَّهَ سُبْحَانَهُ عَبْدًا عِلْمًا فَعَمِلَ بِهِ عَلَى سَبِيلِ الْهُدَى، فَيَسْلُبُهُ عَقْلُهُ حَتَّى يَقْبِضَهُ اللَّهُ إِلَيْهِ

في إسناده سعد وما عرفته وباقي رجاله ثقات

বাংলা

২৬৭. সা'দ বর্ণনা করেন যে, তিনি ইবনু মুনাবিহ'র নিকট এসে তাঁকে হাসান সম্পর্কে জিজ্ঞাসা করলেন এবং তাকে বললেন: তার বিবেক-বুদ্ধির কী অবস্থা? তখন তিনি (তার সম্পর্কে) তাকে জানালেন। এরপর বললেন, নিশ্চয়ই আমরা বলাবলি করি, কিংবা আমরা কিতাবসমূহে পেয়েছি যে, আল্লাহ তাঁর একজন বান্দাকে ইলম দান করলেন, অতঃপর সে ব্যক্তি তার জ্ঞান-বুদ্ধি অনুযায়ী হেদায়েতের পথে আমল করলো। তারপর আল্লাহ তার জ্ঞান-বুদ্ধি ছিনিয়ে নেন, এমনকি এভাবেই তিনি তাকে মৃত্যু দেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এ সনদে সা'দ রয়েছে যাকে আমি চিনি না; অন্যান্য রাবীগণ নির্ভরযোগ্য। (তবে সা'দের সূত্র ছাড়াই ইয়াযিদ সরাসরি ওয়াহাব ইবনু মুনাবিহ'র সাথে সাক্ষাত করে এটি শুনেছেন। এবং এর সনদের রাবীগণকে বিশ্বস্ত বলা হয়েছে।- ফাতহুল মান্নান, হা/২৭৫ এর টীকা দ্রষ্টব্য।-অনুবাদক)

তাখরীজ: বাইহাকী, শুয়াবুল ইমান ৪/৪৫৯ নং ১৭৪০ ও ১৮৮৩; (আব্দুল্লাহ ইবনু আহমাদ, যাওয়াইদ আয যুহদ

/৩৮০ নং ১৫২৭-ফাতহুল মান্নান)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69578>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন